

বাংলা ট্রিবিউন

সঠিক সময়ে সঠিক খবর

হয় মাসের মধ্যে ভবন রঙ করুন: মেয়র আনিসুল হক

বাংলা ট্রিবিউন রিপোর্ট

০৭ আগস্ট ২০১৬, ১৯:০৫

আগামী ছয় মাসের মধ্যে ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকার ভবনগুলো রঙ করতে মালিকদের পরামর্শ দিয়েছেন মেয়র আনিসুল হক। সেই সঙ্গে নগরীর পরিচ্ছন্নতায় দোকান ও ভবনের সামনে আবর্জনা এবং রাস্তা কিংবা ফুটপাথে নির্মাণসামগ্রী ফেলে না রাখার আহ্বান জানিয়েছেন তিনি।

ঢাকা উত্তর সিটি করপোরেশন আয়োজিত মতবিনিময় সভা

রবিবার বিকেলে রাজধানীর উত্তরা মডেল টাউনের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের সঙ্গে মতবিনিময়কালে মেয়র এ আহ্বান জানান। উত্তরার ৬ নম্বর সেক্টরের একটি কমিউনিটি সেন্টারে ওই সভা আয়োজন করে উত্তর সিটি করপোরেশন।

সভায় ভবন-মালিক, ব্যবসায়ী, শিক্ষক ও শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার প্রায় ৪০০ জন অংশগ্রহণ করেন। মেয়র সবার কথা শোনেন এবং সেগুলো নিয়ে খোলামেলা আলোচনা করেন।

মেয়র বলেন, ‘উত্তরার উন্নয়নে ১২০ কোটি টাকার কাজ চলছে। আরও উন্নয়নের পরিকল্পনা আছে। উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনায় আমরা ৫০০ গাছ কেটে ৩০ হাজার গাছ লাগিয়েছি।’

×

মেয়র আরও বলেন, ‘নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপনসহ ঢাকার ডিপ্লোমেটিক জোনের ভবন মালিকদের সোসাইটিগুলোর সহায়তায় বেসরকারি নিরাপত্তা বাহিনী গঠন এবং নির্দিষ্ট রঙের রিকশা চালু করা হচ্ছে। এই রিকশাচালকদের নিরাপত্তা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এ ছাড়া শিগগিরই ওই এলাকায় ঢাকা-ঢাকা নামে শীতাতপ নিয়ন্ত্রিত বিশেষ বাস চালু হবো।’

সম্প্রতি চালু হওয়া ‘নগর’ অ্যাপ সম্পর্কে মেয়র বলেন, ‘এই অ্যাপের মাধ্যমে আপনাদের যেকোনও অভিযোগ আমি সরাসরি দেখতে পাব। মেয়রকে আপনারা যেকোনও প্রয়োজনে পাশে পাবেনা।’

অনুষ্ঠানে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) প্রধান রাজস্ব কর্মকর্তা, অঞ্চল-১ এর নির্বাহী কর্মকর্তা, স্থানীয় কাউন্সিলর ও মহিলা কাউন্সিলরসহ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ওএফ/এআরএল/



বাংলা টিবিউনের খবর পেতে গুগল নিউজে ফলো করুন



© 2025 Bangla Tribune Online Media

